

কভিড-১৯ পরীক্ষা সম্বন্ধীয় তথ্য!

করোনা ভাইরাসের লক্ষণ দেখা দিলে, তা পরীক্ষা করা খুবই জরুরী।

যদি কাশি, জ্বর, বা শ্বাসকষ্টের লক্ষণ থাকে তবে পরামর্শ ও প্রেসক্রিপশন নিতে আপনার ডাক্তারের সাথে যোগাযোগ করুন।

আমি কি কভিড-১৯ এর জন্য পরীক্ষা করাতে পারি?

হ্যাঁ, আপনার পরীক্ষা করা উচিত এবং পরবর্তী পদক্ষেপগুলি সম্পর্কে জানতে আপনাকে আপনার ডাক্তারের সাথে পরামর্শ করতে হবে।

আমি কভিড -১৯ এর পরীক্ষা কোথায় করাতে পারি?

আপনি স্টেট ফেয়ার গ্রাউন্ডস, ইস্ট স্টেট ফেয়ার এভিনিউ, ডেট্রয়েট এর ড্রাইভ-থ্রু সাইট এ পরীক্ষা করাতে পারেন।

কভিড-১৯ পরীক্ষার জন্য আমি কীভাবে অ্যাপয়েন্টমেন্ট করতে পারি?

করোনাভাইরাস কমিউনিটি কেয়ার নেটওয়ার্ক কল করুন ৩১৩-২৩০-০৫০৫ নাম্বারে, সকাল ৯ টা থেকে ৭ টা। সোমবার থেকে রবিবার।

কভিড-১৯ পরীক্ষার জন্য টেস্ট সাইটে আমার কী কী নথি নিতে হবে?

আপনাকে আপনার ডাক্তারের প্রেসক্রিপশন এবং স্টেট আইডি / ড্রাইভার লাইসেন্স নিতে হবে টেস্ট সাইটে (যদি আপনার কাছে কোনও স্টেট আইডি না থাকে তবে আপনি সনাক্তকরণের অন্য কোনও ধরনের আইডি যেমন ওয়ার্ক ব্যাজ, আপনার নামের গ্যাস/বিদ্যুত/ইন্টারনেট বিল ইত্যাদি নিয়ে যেতে পারেন)।

কভিড-১৯ জনিত কারণে আমার অবস্থা যদি আশঙ্কাজনক হয় এবং জরুরী কভিড-১৯ পরীক্ষার প্রয়োজন হয় তবে আমি কী করতে পারি?

৯১১ ইমারজেন্সি নাম্বারে কল করুন বা আপনার নিকটস্থ হাসপাতালের ইমারজেন্সি বিভাগে যান এবং কল করার সময় আপনি ইএমএস বা হাসপাতালের অপারেটর কে জানান যে আপনার শরীরে কভিড-১৯ এর লক্ষণ রয়েছে, যাতে তারা আপনার সেবার জন্য প্রস্তুত হতে পারে।

যদি আমার কাছে মেডিকেল বীমা না থাকে বা আমার কাছে স্টেট ইস্যু করা কোনও আইডি না থাকে, তবে কি আমি কভিড-১৯ এর জন্য পরীক্ষা করাতে পারি?

যদি আপনার কাছে মেডিকেল বীমা না থাকে এবং আপনি কভিড-১৯ পরীক্ষার জন্য যোগ্য হোন, তবে স্বাস্থ্য বিভাগ বাসিন্দাদের জন্য ফেডারেল কর্তৃক প্রদত্ত যোগ্য স্বাস্থ্য কেন্দ্রগুলির (এফ কিউ এইচ সি) সাথে অংশীদারদের মাধ্যমে বিনামূল্যে কভিড-১৯ পরীক্ষার ব্যবস্থা করেছে।

আপনার নিকটতম ফেডারেল কর্তৃক প্রদত্ত যোগ্য স্বাস্থ্য কেন্দ্রগুলির সাথে যোগাযোগের তথ্য নীচে দেখুন:

<https://michiganimmigrant.org/coronavirus#medical>

আমার যদি কোনও ডাক্তার না থাকে তবে আমি কীভাবে কভিড -১৯ এর জন্য পরীক্ষা করাতে পারি?

আপনার যদি কোনও ডাক্তার না থাকেন এবং যদি আপনার মেডিকেল বীমা থাকে এবং কভিড-১৯ পরীক্ষার জন্য যোগ্য হন, তবে অনুগ্রহ করে আপনার বীমা সংস্থাকে কল করুন বা অনলাইনে গিয়ে একজন ডাক্তার নির্বাচন করুন যিনি আপনাকে কভিড-১৯ পরীক্ষার যোগ্যতার জন্য মূল্যায়ন করতে পারেন।

এছাড়াও আপনি www.detroitmi.gov/coronavirus ওয়েবসাইট পরিদর্শন করে **ডু নট হেড এ ডক্টর** টেব এ যেতে পারেন এবং কভিড-১৯ এর পরীক্ষার জন্য অ্যাপয়েন্টমেন্ট সরবরাহকারী করোনোভাইরাস কমিউনিটি কেয়ার নেটওয়ার্ক (সিসিসিএন) এর বেসরকারী স্বাস্থ্যসেবাদানকারীদের একটি তালিকা পেতে পারেন।

PLEASE NOTE

USCIS encourages all those, including aliens, with symptoms that resemble COVID-19 (fever, cough, shortness of breath) to seek necessary medical treatment or preventive services. Such treatment or preventive services will not negatively affect any alien as part of a future Public Charge analysis. USCIS will not be present at testing sites and may not use any information given at a testing site for any type of immigration enforcement.

For more COVID-19 information and resources, visit globaldetroitmi.org/covid19

The information in this document has been verified to the best of our abilities but should not be considered as tax or legal advice. We strongly recommend consulting with an accountant and/or lawyer before taking action. Global Detroit cannot guarantee that there are no mistakes or errors despite our best efforts and, given the rapidly changing nature in current circumstances, changes may occur after time of publication that impact the accuracy of the information in this document. This document was last updated on April 23, 2020.

